গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঠাকুরগাঁও
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.thakurgaon.gov.bd



# বিশেষ আইন-শৃঙ্খলা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব আসাদুল হাবিব দুলু, এমপি<br>মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সভাপতি | : | মোহাম্মদ রফিকুল হক<br>জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও |
| তারিখ | : | ৩০ আগস্ট ২০২৬ |
| সময় | : | রাত ১০:০০ টা |
| স্থান | : | অনলাইন সভা (জুম প্লাটফর্ম) |
| উপস্থিতি | : | জনাব মোঃ বেলাল হোসেন, পুলিশ সুপার, ঠাকুরগাঁও |

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আসাদুল হাবিব দুলু, এমপি, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। সম্প্রতি সরকার কর্তৃক ঠাকুরগাঁও জেলার আইন-শৃঙ্খলা, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং জনকল্যাণমূলক ও উন্নয়ন কার্যক্রমসহ সার্বিক সরকারি কার্যাবলী তদারকি ও সমন্বয়ের জন্য মাননীয় প্রধান অতিথি মহোদয়কে দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে সকলকে অবগত করা হয়।

মাননীয় প্রধান অতিথি সভায় বলেন, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার নিয়ন্ত্রণ, চোরাচালান প্রতিরোধ, গুরুতর অপরাধ দমনসহ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখতে সরকারি দপ্তরসমূহকে একসাথে কাজ করতে হবে। তিনি বলেন, সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ সরকারের বিভিন্ন উন্নয়ন ও জনকল্যাণমূলক কার্যক্রমকে আরো বেগবান করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

প্রধান অতিথি সরকারের ১৮০ দিনের অগ্রাধিকার প্রকল্প খাল খনন কর্মসূচির খোঁজ খবর নেন এবং সুচারুভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি খননকৃত খালগুলোর দুই পাড়ের বৃক্ষরোপণ করার নির্দেশনা প্রদান করেন। প্রধান অতিথি কৃষক কার্ড, ফ্যামিলি কার্ডসহ সরকারের অন্যান্য সামাজিক সুরক্ষা খাতের উপকারভোগী নির্বাচন সঠিকভাবে সম্পাদন করার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি মাদকের ভয়াবহতা রোধ করার জন্য সকল সরকারি/বেসরকারি দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং ব্যবসায়ী সংগঠনকে ঐক্যবদ্ধ করে মাদকের বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। তিনি এক্ষেত্রে লালমনিরহাট জেলায় বাস্তবায়িত "আলোকিত লালমনিহাট" এর কার্যক্রম সরেজমিন পরিদর্শনের আহ্বান জানান।

সভাপতি জানান ঠাকুরগাঁও জেলায় মহামান্য রাষ্ট্রপতির নির্দেশনা অনুযায়ী জেলার সকল সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন পরিচালিত হচ্ছে। এছাড়া জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং শিক্ষার মানোন্নয়নে বিশেষ পদক্ষেপ নেয়া হয়েছে। জেলায় কর্মরত সকল দপ্তরের সাথে সমন্বয় করে চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কাজ করা হচ্ছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশ, বিজিবিসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় করে কাজ করা হচ্ছে এবং জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

সভাপতি বলেন, সারের কৃত্রিম সংকট নিরসনে জেলা উপজেলার সার বীজ মনিটরিং কমিটি সক্রিয়ভাবে কাজ করছে। ডিলারদের কার্যক্রম তদারকি এবং মাঠ পর্যায়ে কৃষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

পুলিশ সুপার, ঠাকুরগাঁও বলেন, ঠাকুরগাঁও জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখতে এবং মাদক, জুয়া, ইভটিজিং, চুরিসহ অন্যান্য অপরাধ নিয়ন্ত্রণে পুলিশের কার্যক্রম চলমান রয়েছে। গত কয়েক মাসে বড় মাদক ব্যবসায়ী ও অনলাইন জুয়া/ক্যাসিনোর সাথে সম্পৃক্তদের আটক করতে পুলিশ সক্ষম হয়েছে। তিনি সকলের অবগতির জন্য বিগত ০৬ মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কিত নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করেন:

- **ঠাকুরগাঁও জেলার সকল থানা হতে প্রাপ্ত মামলার তথ্য ও অপরাধ পরিসংখ্যান: (ফেব্রুয়ারি-জুলাই ২০২৬)**

| মাসের নাম | ডাকাতি | চুরি | অপহরণ | খুন | অস্ত্র আইন | নারী ধর্ষণ | নারী নির্যাতন | পুলিশ লাঞ্ছিত | চোরাচালান | মাদক দ্রব্য | দ্রুত বিচার আইন | অন্যান্য | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ফেব্রুয়ারি | - | ০৯ | ০৩ | - | - | ০৩ | ০৪ | - | ০১ | ১৯ | - | ৪০ | ৭৯ |
| মার্চ | - | ০৫ | - | - | - | ০৫ | ১২ | - | - | ৭৫ | - | ৮২ | ১৭৯ |
| এপ্রিল | - | ০৯ | - | - | - | ০৭ | ১৭ | ০১ | ০২ | ৩৯ | - | ৬৯ | ১৪৪ |
| মে | - | ১০ | - | ০১ | ০১ | ১৪ | ১৩ | ০১ | - | ৬৯ | - | ৫৭ | ১৬৬ |
| জুন | - | ১৪ | - | ০২ | - | ০৫ | ১৯ | ০১ | ০২ | ৭৬ | ০১ | ৫৩ | ১৭৩ |
| জুলাই | ০১ | ১২ | - | ০১ | - | ০৪ | ২৪ | - | - | ৮০ | ০১ | ৬৪ | ১৮৮ |
| মোট মামলা | ০১ | ৫৯ | ০৩ | ০৪ | ০১ | ৩৮ | ৮৯ | ০৩ | ০৫ | ৩৫৮ | ০২ | ৩৬৫ | ৯২৯ |

- **পুলিশ কর্তৃক মাদকবিরোধী অভিযানের তথ্য: (ফেব্রুয়ারি-জুলাই ২০২৬)**

| তথ্য | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| অভিযান | ১৯ | ৭৫ | ৩৯ | ৬৯ | ৭৬ | ৮০ | ৩৫৮ |
| আসামী | ৩২ | ১২৬ | ৬৪ | ১১৩ | ১২২ | ১২৩ | ৫৮০ |

অত:পর সভাপতি কর্তৃক সভায় ফেব্রুয়ারি ২০২৬ হতে জুলাই ২০২৬ পর্যন্ত পরিচালিত মোবাইল কোর্ট অভিযানের তথ্য সকলের অবগতির জন্য উপস্থাপন করা হয়।

- **পরিচালিত মোবাইল কোর্ট অভিযানের তথ্য: (ফেব্রুয়ারি-জুলাই ২০২৬)**

| মাস | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | আসামী | জরিমানা (টাকায়) | সাজা (বিনাশ্রম কারাদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ফেব্রুয়ারি | ৯১ | ১৭১ | ১৭১ | ১২,১৫,৪৪০/- | ২৯ |
| মার্চ | ৮৭ | ১৩৬ | ১৩৬ | ৭,৩৬,২৫০/- | ১৯ |
| এপ্রিল | ১৫৯ | ৩৪১ | ৩৪১ | ১০,০০,১০০/- | ৪০ |
| মে | ৮৫ | ১৬৭ | ১৬৭ | ৫,৩৯,৪০০/- | ৪৭ |
| জুন | ৬৬ | ১০৩ | ১০৩ | ৪,২৯,০৯০/- | ৫৫ |
| জুলাই | ৬৩ | ১১২ | ১১২ | ৮,৩৭,৭২০/- | ৪৭ |
| মোট | ৫৫১ | ১০৩০ | ১০৩০ | ৪৭,৫৮,০০০/- | ২৩৭ |

সভায় মাদকের বিস্তার রোধে "আলোকিত লালমনিরহাট" মডেল অনুসরণ করে ঠাকুরগাঁও জেলায় তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে বলে জানানো হয়। এক্ষেত্রে মাদক নিয়ন্ত্রণে বাস্তব শিক্ষা ও কৌশল অর্জনে ঠাকুরগাঁও জেলা হতে লালমনিরহাট জেলায় একটি টিম বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে প্রেরণ করা যেতে পারে বলে সকলে অভিমত প্রকাশ

করেন। পরিশেষে মাননীয় মন্ত্রী মহোদয়কে ঠাকুরগাঁও আসার আমন্ত্রণ জানানো হয়। মাননীয় মন্ত্রী আমন্ত্রণ গ্রহণ করেন এবং ঠাকুরগাঁও জেলার সার্বিক পরিস্থিতি এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনার ভিত্তিতে গুরত্বপূর্ণ কয়েকটি সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।

**বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়:**

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখতে এবং মাদক, জুয়া, ইভটিজিং, চুরি, ছিনতাইসহ অন্যান্য অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. জেলা প্রশাসন, ঠাকুরগাঁও<br>২. পুলিশ বিভাগ, ঠাকুরগাঁও<br>৩. বিজিবি, ঠাকুরগাঁও<br>৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঠাকুরগাঁও<br>৫. অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহ |
| ২. | মাদকের বিস্তার রোধে "আলোকিত লালমনিরহাট" মডেল অনুসরণ করে ঠাকুরগাঁও জেলায় তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. জেলা প্রশাসন , ঠাকুরগাঁও<br>২. পুলিশ বিভাগ, ঠাকুরগাঁও<br>৩. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৩. | মাদক নিয়ন্ত্রণে বাস্তব শিক্ষা ও কৌশল অর্জনে ঠাকুরগাঁও জেলা হতে লালমনিরহাট জেলায় একটি টিম বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে প্রেরণ করতে হবে। | ১. জেলা প্রশাসন , ঠাকুরগাঁও |
| ৪. | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সমুন্নত রাখতে সরকারি দপ্তরসমূহকে একসাথে কাজ করতে হবে। | ১. সরকারি সকল দপ্তর, ঠাকুরগাঁও |
| ৫. | প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা প্রশাসন (সকল), ঠাকুরগাঁও<br>২. জেলা শিক্ষা অফিস, ঠাকুরগাঁও<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিস ঠাকুরগাঁও |
| ৬. | কৃত্রিম সার সংকট মোকাবেলায় তদারকি অব্যাহত রাখতে হবে। | ১. জেলা প্রশাসন, ঠাকুরগাঁও<br>২. পুলিশ বিভাগ, ঠাকুরগাঁও<br>৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও<br>৪. বিএডিসি, ঠাকুরগাঁও |
| ৭. | জেলার চলমান সকল উন্নয়ন প্রকল্প মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | ১. জেলা প্রশাসন, ঠাকুরগাঁও<br>২. প্রকল্প বাস্তবায়নকারী সকল দপ্তর এবং সংস্থা |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ রফিকুল হক
জেলা ম্যাজিস্ট্রেট
ঠাকুরগাঁও
☎ ০২৫৮৯৯৩১০১১
dcthakurgaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০০০.০২০.০৬.০০০৬.২৬.২৭৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩
৩১ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, রমনা, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৭। উপ-মহা পুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর
৮। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। পুলিশ সুপার, ঠাকুরগাঁও
১১। অধিনায়ক, ৫০ বিজিবি, ঠাকুরগাঁও/৪২ বিজিবি, দিনাজপুর
১২। যুগ্মপরিচালক, এনএসআই, ঠাকুরগাঁও
১৩। উপপরিচালক, ডিজিএফআই, ঠাকুরগাঁও
১৪। কোম্পানি কমান্ডার, সিপিসি-১, র‌্যাব-১৩, দিনাজপুর
১৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও
১৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও
১৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও
১৮। জেলা ...................................................... অফিসার, ঠাকুরগাঁও
১৯। উপপরিচালক, ......................................................, ঠাকুরগাঁও
২০। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও [সভার কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য]
২১। .........................................................................

জেলা ম্যাজিস্ট্রেট
ঠাকুরগাঁও